المجلس النوراني لتعليم القرآن بنغلاديش
নূরানী তা'লীমুল কুরআন বোর্ড চট্টগ্রাম বাংলাদেশ
প্রধান কার্যালয়: আল্ জামিয়াতুল আহলিয়া দারুল উলূম মুঈনুল ইসলাম হাটহাজারী চট্টগ্রাম, বাংলাদেশ।
NOORANI TALIMUL QURAN BOARD CHITTAGONG BANGLADESH
Head Office: Al Jamiatul Ahlia Darul Uloom Moinul Islam Hathazari, Chittagong, Bangladesh.
www.nooraniboardctg.com

তারিখ: ১৫/১১/২০২৫

আস্‌সালামুআলাইকুম ওয়ারাহ্‌মাতুল্লাহ

মুহ্‌তারাম
পরিচালক সাহেব,
আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত বছরের ন্যায় নূরানী তা'লীমুল কুরআন বোর্ড চট্টগ্রাম বাংলাদেশ কর্তৃক পরিচালিত মাদ্‌রাসা সমূহের ১৪৪৭ হিজরী তৃতীয় শ্রেণির কেন্দ্রীয় সনদ পরীক্ষা আগামী ১৫ ফেব্রুয়ারী থেকে ১৯ ফেব্রুয়ারী ২০২৬ খ্রীস্টাব্দ পর্যন্ত অনুষ্ঠিত হবে। প্লে থেকে দ্বিতীয় শ্রেণি পর্যন্ত বার্ষিক পরীক্ষা ২২ ফেব্রুয়ারী থেকে ২৬ ফেব্রুয়ারী ২০২৬ খ্রীস্টাব্দ পর্যন্ত অনুষ্ঠিত হবে, ইনশা-আল্লাহ।

**-ঃ প্রতিষ্ঠানের করণীয় ঃ-**

**০১. তৃতীয় শ্রেণির পরীক্ষার্থীদের নিবন্ধন ও প্লে থেকে দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থীদের সংখ্যা সংক্রান্ত:** তৃতীয় শ্রেণির পরীক্ষার্থীদের (ক) রোল নং (খ) পরীক্ষার্থীর নাম (গ) পিতার নাম (ঘ) মাতার নাম (ঙ) জন্মতারিখ (জন্ম নিবন্ধন অনুযায়ী) এবং প্লে থেকে দ্বিতীয় শ্রেণির ছাত্র-ছাত্রীদের সংখ্যা আগামী ১৫ নভেম্বর ২০২৫ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ খ্রীস্টাব্দের মধ্যে অনলাইনে nooraniboardctg.com নিবন্ধন শেষ করতে হবে।
**লক্ষ্যণীয়:** তৃতীয় শ্রেণির সনদ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অন্যান্য শ্রেণির বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রতিষ্ঠানের সাথে পরীক্ষা সংক্রান্ত যোগাযোগের জন্য একজন দায়িত্বশীলের নাম ও মোবাইল নং যুক্ত করুন। প্রথম ও দ্বিতীয় সাময়িক এবং সনদ পরীক্ষার ফলাফল দ্রুত পেতে **প্রতিষ্ঠান ই-মেইল** যুক্ত করা আবশ্যক।

**০২. সংশোধনী সংক্রান্ত:** ০১ জানুয়ারী হতে ১৫ জানুয়ারী ২০২৬ খ্রীস্টাব্দের মধ্যে নিবন্ধন বিষয়ক সংশোধনীর সকল কাজ শেষ করবেন।

**০৩. পরীক্ষা ফি. সংক্রান্ত:** পরীক্ষার ফি. যথাক্রমে- প্লে: ১০০ টাকা, নার্সারী: ১২০ টাকা, প্রথম শ্রেণি: ১৪০ টাকা, দ্বিতীয় শ্রেণি: ১৬০ টাকা এবং তৃতীয় শ্রেণি: ৪৫০ টাকা হারে উত্তোলন করবেন।

**০৪. পরীক্ষার ফি. জমা সংক্রান্ত:** প্লে: ৫০ টাকা, নার্সারী: ৬০ টাকা, প্রথম শ্রেণি: ৭০ টাকা, দ্বিতীয় শ্রেণি: ৮০ টাকা, তৃতীয় শ্রেণি: ৩০০ টাকা, সেই সাথে বোর্ড কর্তৃক ধার্যকৃত বোর্ড ফি. ১,৫০০/= (এক হাজার পাঁচশত) টাকা (অনাদায়ী থাকলে) আগামী ১৫ অক্টোবর ২০২৫ খ্রীস্টাব্দের মধ্যে বোর্ডে জমা করতে হবে। অন্যথায় আপনার প্রতিষ্ঠানের পরীক্ষা কার্যক্রম বিঘ্নিত হতে পারে।

**০৫. পরীক্ষক সংক্রান্ত:** আসন্ন কেন্দ্রীয় সনদ পরীক্ষায় পরীক্ষক হিসেবে আপনার প্রতিষ্ঠানের একজন যোগ্য শিক্ষককে (পূর্বের ন্যায়) পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন দায়িত্ব দেওয়া হবে। উক্ত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য। আপনার প্রতিষ্ঠানের পরীক্ষক হিসেবে মনোনীত শিক্ষককে বিষয়টি অবগত করানো এবং তাঁর নাম ও মোবাইল নম্বর নিবন্ধন করা অতীব জরুরী।

**০৬. পরীক্ষার্থী রেজিস্ট্রেশনের নিয়মাবলী:** nooraniboardctg.com প্রতিষ্ঠান লগইন (নিজ প্রতিষ্ঠানের নিবন্ধন নং ও পাসওয়ার্ড 12345678) বা নিজের দেওয়া পাসওয়ার্ড দিয়ে সাবমিট করবেন। অতঃপর মেন্যু হতে পরীক্ষার্থী সম্পর্কিত ⇨ নতুন পরীক্ষার্থীতে ক্লিক করে ফরম পূরণ করবেন এবং পরীক্ষার্থীর তালিকা অপশন থেকে পরীক্ষার্থীর তালিকা প্রিন্ট করে জন্মনিবন্ধন অনুযায়ী সব পরীক্ষার্থীর নিবন্ধন সম্পন্ন হয়েছে কিনা তা নিশ্চিত হবেন এবং সেটা সংরক্ষণ করবেন।

**০৭. ফি. প্রদান:** অনলাইনে nooraniboardctg.com লগইন করে ফি. প্রদান মেন্যুতে ক্লিক করে বোর্ড ফি. ও পরীক্ষা ফি. আদায় করবেন। ফি. প্রদানের পর অনলাইন থেকে রশিদের কপি ডাউনলোড পূর্বক প্রিন্ট করে তা সংরক্ষণ করবেন।

সালামান্তে-

মহাসচিব
মুফতী জসিম উদ্দীন

পরীক্ষা নিয়ন্ত্রক-
মুহাম্মদ আলী
মুফতী মুহাম্মদ আলী